



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।

বঙ্গবন্ধুর দর্শন সমবায় উন্নয়ন

স্মারক নং-৪৭.৬১.০৬০৭.০০০.১২৩.০৫.১৭-৩৯২

তারিখ: ১৮/০৯/২০২৩ খ্রি.

সভার নোটিশ

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতি জন্য জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২৩-২০২৪ খ্রি: এর নৈতিকতা কমিটির সভা, কমিটির সদস্যগণের অংশ গ্রহণে আগামী ২০/০৯/২০২৩ খ্রি. তারিখ রোজ বুধ বার উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশালে বেলা ১১.০০ ঘটিকায় অনুষ্ঠিত হবে। উক্ত সভায় নৈতিকতা কমিটির সদস্যগণকে অংশ গ্রহণ করার জন্য বলা হ'ল।

উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

স্মারক নং-৪৭.৬১.০৬০৭.০০০.১২৩.০৬.১৭-৩৯২(৪)

তারিখ: ১৮/০৯/২০২৩ খ্রি.


জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হ'ল:

১-২। জনাবসহকারী পরিদর্শক/অফিস সহকারী কাম কম্পিউটার

অপারেটর, উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।

৩। জেলা সমবায় অফিসার, বরিশাল।

৪। সংশ্লিষ্ট নথি।




উপজেলা সমবায় অফিসার
বাকেরগঞ্জ, বরিশাল।

উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল এর জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২৩-২০২৪ এর ১.১
অনুযায়ী উপজেলা সমবায় কার্যালয় বরিশাল কর্তৃক
“নৈতিকতা কমিটি” সভার উপস্থিতি হাজিরা।

তারিখ: ২০/০৯/২০২৩ খ্রি:

রোজ: বুধ বার

বেলা: ১১ ঘটিকা

ক্র: নং	নাম ও পদবী	কমিটিতে পদবী	স্বাক্ষর
০২	মো: সোহাগ, সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয় বাকেরগঞ্জ, বরিশাল।	আহবায়ক	 ২০.৯.২৩
০৩	মোহাম্মদ খবির উদ্দিন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর উপজেলা সমবায় কার্যালয় বাকেরগঞ্জ, বরিশাল।	সদস্য	 ২০/৯/২৩



গনপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা সমবায় কার্যালয়
বাকেরগঞ্জ, বরিশাল।

বঙ্গবন্ধুর দর্শন সমবায়ে উন্নয়ন

উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল, কর্তৃক আয়োজিত নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী :

সভাপতি: মো: সোহাগ

স্থান: উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল।

তারিখ: ২৩ সেপ্টেম্বর, ২০২৩ খ্রি., রোজ মঙ্গল বার;

সময়: বেলা ১১ ঘটিকা।

উপস্থিতির তালিকা: পরিশিষ্ট-ক

উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল কর্তৃক আয়োজিত নৈতিকতা কমিটির সভায় নৈতিকতা কমিটির সদস্যবৃন্দ উপস্থিত ছিলেন। নৈতিকতা কমিটির সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্য শুরু করা হয়, সভাপতি অধ্যকার সভার আহ্বান ও উদ্দেশ্য সম্পর্কে বলেন যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ খ্রি: এর সূচক এ প্রতি কোয়াটারে নৈতিকতা কমিটির ০১ টি সভা করার বাধ্যবাধকতা আছে। এ পরিপ্রেক্ষিতে আজকের সভা অনুষ্ঠিত হচ্ছে। পরে নিম্ন লিখিত আলোচ্য বিষয়সূচি অনুযায়ী সভায় আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্য বিষয়সূচি :

- ১। অফিসে নিয়মিত ও সময়মত উপস্থিত নিশ্চিত করার সংক্রান্ত।
- ২। সেবা প্রত্যাশীদের সাথে উত্তম আচরণ সংক্রান্ত।
- ৩। সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের অংশগ্রহণে সভা আয়োজন সংক্রান্ত।
- ৪। ২০২১-২২ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ
- ৫। বিবিধ।

১নং আলোচনা : সভায় মো: সোহাগ, সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল বলেন যে, সরকারের সর্বশেষ সাকুলার অনুযায়ী প্রত্যেক সরকারী কর্মচারীদের নিয়মিত এবং সময়মত অফিসে উপস্থিত থাকতে হবে।

সিদ্ধান্ত : সভায় প্রত্যেক কর্মচারীদের নিয়মিত ও সময়মত অফিসে উপস্থিত নিশ্চিত করার বিষয়টি মনিটরিং করার জন্য অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর কে দায়িত্ব প্রদান করা হয়।

২নং আলোচনা : সভায় মো: সোহাগ, সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বলেন যে, সরকারী কর্মচারীদের গুরুত্বপূর্ণ দায়িত্ব হ'ল সকল সময়ে প্রজাতন্ত্রের জনগণের সেবা করার চেষ্টা। তাই আমাদের এ বিষয়টি নিশ্চিত করতে হবে।

সিদ্ধান্ত : সভায় সেবা প্রত্যাশীদের জন্য আলাদা বসার জায়গা, বসার জায়গায় ব্যানার প্রদর্শন, এবং কর্মকর্তা কর্মচারীদেরকে সেবা প্রত্যাশীদের সাথে উত্তম আচরণ করার বিষয়টি নিশ্চিত করার সিদ্ধান্ত হয়।

৩নং আলোচনা : সভাপতি ও সহকারী পরিদর্শক উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশাল বলেন যে, জাতীয় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনা ২০২২-২০২৩ এর ১.৩ সূচক অনুযায়ী প্রতি কোয়াটারে অংশীজনের অংশগ্রহণে ০১ টি সভা করার বাধ্যবাধকতা আছে। সভায় ১ম কোয়াটারের সভা আয়োজনের ব্যাপারে বিস্তারিত আলোচনা হয়।

সিদ্ধান্ত : সভায় সিদ্ধান্ত হয় যে আগামী ২২/০৯/২০২২ খ্রি: তারিখ রোজ বৃহস্পতি বার বেলা ২.০০ ঘটিকায় উপজেলা সমবায় কার্যালয়, বাকেরগঞ্জ, বরিশালে অংশীজনের অংশগ্রহণে সভা অনুষ্ঠিত হবে।

০৪ নং আলোচনা : ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয়-পরিকল্পনা ওয়েবসাইটে প্রকাশ :

সভায় জানানো হয় যে, ২০২৩-২৪ অর্থ বছরের ক্রয় পরিকল্পনা ইতিমধ্যে ওয়েব সাইটে প্রকাশ করা হয়েছে। পরবর্তীতে ক্রয় পরিকল্পনা আরো কোন সংশোধনের প্রয়োজন হলে তা করে ওয়েব সাইটে আপলোড করা হবে।

বিবিধ প্রসঙ্গে আরকোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মো: সোহাগ

সহকারী পরিদর্শক

উপজেলা সমবায় কার্যালয়,

বাকেরগঞ্জ, বরিশাল

ও

আহ্বায়ক

নৈতিকতা কমিটি।